বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৮৩

০৮ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
২২ মে ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন মোতাবেক ১৭ মে ২০২০ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে চেয়ারম্যান হিসেবে অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম যোগদান করেন এবং তিনি ২০ মে ২০২০ তারিখ ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পনের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। পরবর্তীতে ২০ মে ২০২০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নম্বর-৫৩.০০.০০০০.৪২১.১১.০০১.১৯-৬০ ও ৫৩.০০.০০০০.৪২১.১১.০০১.১৯-৬১ অনুযায়ী একই দিনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে কমিশনার হিসেবে ড. শেখ শামসুদ্দিন আহমেদ ও ড. মোঃ মিজানুর রহমান যোগদান করেন । অদ্য ২২ মে ২০২০ তারিখ সকাল ১১:০০ টায় ধানমন্ডি ৩২ নম্বরে বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর মাননীয় চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর উপস্থিতিতে পুষ্পার্ঘ্য অর্পনের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন কমিশনে নবনিযুক্ত দুই কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ ও ড. মোঃ মিজানুর রহমান। পুষ্পার্ঘ্য অর্পন শেষে কমিশনারগণ বঙ্গবন্ধু ভবনে রক্ষিত মন্তব্য খাতায় স্বাক্ষর করেন।

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।








ORION